

সাফল্য গাঁথা

কৃষকঃ মোঃ ফয়সাল

জনাব মোঃ ফয়সাল, নবাবগঞ্জ উপজেলার নয়নশ্রী ইউনিয়নের একটি কৃষক পরিবারের সন্তান ও উদ্যোক্তা। তার বাবা ছিলেন মূলত কৃষক। তারা ধানের পাশাপাশি সরিষা চাষ করত। সে ২০২২/২৩ অর্থবছরে বিসিক থেকে মৌ চাষের উপর প্রশিক্ষণ নিয়ে আসে এবং মধু চাষের উপর উদ্ভুদ্ধ হয়। ২০২৩/২৪ অর্থবছরে নবাবগঞ্জ কৃষি অফিস থেকে তেলজাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্পের আওতায় তাকে ৫ টি মৌ বক্স দেওয়া হয়। সেই সাথে তিনি উক্ত প্রকল্পের আওতায় প্রদর্শনী ও পায়। মৌ বক্স গুলো তিনি নিজের প্রদর্শনী মাঠে এবং অন্যান্য সরিষা জমিতে স্থাপন করেন। ৫ টি মৌ বক্স থেকে তিনি এক মৌসুমে প্রায় ১০০ কেজি মধু আহরণ করেন। তাছাড়া তিনি তার সরিষা প্রদর্শনী থেকেও লাভবান হয়েছেন এবং বীজ সংরক্ষণ করেছেন।

সরিষা চাষী ও মৌ চাষী হিসেবে এলাকায় তার পরিচিতি ছড়িয়ে পরেছে। লোকমুখে তিনি মধু ফয়সাল হিসেবে জনপ্রিয়। তাকে দেখে নতুন কৃষি উদ্যোক্তা রা ও অনুপ্রেরিত হচ্ছে।

